

-: নবদ্বীপ পুরাতত্ত্ব পরিষদ অভিলেখ্যাগার :-

শিক্ষাকেন্দ্র হিসাবে নবদ্বীপের খ্যাতি যেমন ভারতময় ব্যাপ্ত ছিল তেমনি একদা সমাজপতি শাসিত ভারতীয় হিন্দু সম্রাজ্যে নবদ্বীপ সমাজের প্রভাব ও প্রতিপত্তিও কম ছিল না। বিশেষ করে সমগ্র বঙ্গবেশে নবদ্বীপ সমাজের বিধান বিশেষ গুরুপ্ত পেত। সামাজিক ও ধার্মিক বিধি - বিধান অমান্য করা, শাস্ত্রীয় বিধান লঙ্ঘন করা, প্রভূতি তদানীন্তন সমাজে শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হতো। অপরাধের লঘু গুরু বিবেচনা করা সমাজপতিগণ অপরাধ ভঞ্জনের বিধান দিতেন। কৃতকর্মের দোষ স্থালনের জন্য কী করতে হবে শাস্ত্রে বচন উদ্ধৃত করে তার লিখিত নির্দেশ দিতেন এবং ব্যবস্থাপত্রের নিচে এক বা একাধিক পন্ডিত- সমাজপতি সাক্ষর করতেন,-একে 'পাতি' বলা হয়। এ রকম কিছু পাতি, প্রাচীন দলিল, পুরানো চিঠি, হিসাবের খাতা, পান্ডুলিপি, বংশলতা, বিয়ের উপহার প্রভূতি সংগৃহীত হয়েছে।